অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বাফেলোতে গোলাগুলির ঘটনায় অনলাইন প্ল্যাটফর্মগুলোর ভূমিকা সম্পর্কে গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস এর প্রতিবেদন প্রকাশ

এই প্রতিবেদনে প্রান্তিক ওয়েবসাইটগুলোতে গুলিবর্ষণকারী ব্যক্তির উগ্রপন্থী হয়ে উঠা, সহিংসতার ঘটনা সরাসরি সম্প্রচারের জন্য মূলধারার প্ল্যাটফর্মগুলো ব্যবহার করা সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরা হয়েছে

গভর্নর হোকল, অ্যাটর্নি জেনারেল জেমস অনলাইনে চরমপন্থী আচরণ ও সহিংসতা মোকাবেলায় ফেডারেল ও স্টেট পর্যায়ে আইনি পুনর্গঠন নিয়ে আসার আহবান জানিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ টপস গ্রোসারি স্টোরে বাফেলোর মর্মান্তিক গণহারে গোলাগুলির ঘটনায় অনলাইন প্ল্যাটফর্মগুলোর ভূমিকা সম্পর্কে একটি প্রতিবেদন প্রকাশ করেছেন, যে ঘটনায় 10 জন কৃষ্ণাঙ্গ ব্যক্তি নিহত হয়েছিলেন এবং আরো তিনজন আহত হয়েছিলেন। অ্যাটর্নি জেনারেলের দপ্তর (Office of the Attorney General) অভিযুক্ত গুলিবর্ষণকারী ব্যক্তি কিভাবে তার হামলার পরিকল্পনা তৈরি, প্রস্তুতি গ্রহণ, এবং হামলার ঘটনা জনসম্মুখে প্রচার করার জন্য অনলাইন প্ল্যাটফর্মগুলোকে ব্যবহার করেছে তা পরীক্ষা করে দেখার জন্য কয়েক হাজার পৃষ্ঠার নথিপত্র ও সোশ্যাল মিডিয়া কন্টেন্ট পর্যালোচনা করে দেখেছে। এই তদন্ত এবং এটির ফলে তৈরি হওয়া প্রতিবেদন গভর্নর হোকলের রেফারাল অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। তদন্ত চলাকালীন সময়ে, OAG গুলিবর্ষণকারী ব্যক্তির ব্যবহার করা কয়েকটি অনলাইন প্ল্যাটফর্মের বাহ্যিক ও অভ্যন্তরীণ কন্টেন্ট ও নীতিমালা সংগ্রহ ও পর্যালোচনা করেছে। এই প্রতিবেদনে উপসংহার টানা হয়েছে যে 4chan এর মতো প্রান্তিক অনলাইন প্ল্যাটফর্মগুলো গুলিবর্ষণকারী ব্যক্তিকে উগ্রপন্থীতে পরিণত করেছে; টুইচ (Twitch) এর মতো লাইভস্ট্রিমিং প্ল্যাটফর্মগুলো সহিংসতার ঘটনা জনসম্মুখে প্রচার করা এবং অনুরূপ ঘটনাকে উৎসাহিত করার জন্য হাতিয়ার হিসেবে কাজে লাগানো হয়েছে; এবং এসব প্ল্যাটফর্মের তদারকি, স্বচ্ছতা, ও জবাবদিহিতার অভাব ঘৃণা থেকে অনুপ্রাণিত ও চরমপন্থী দৃষ্টিভঙ্গিগুলো অনলাইনে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার সুযোগ করে দিয়েছে, যা চরমপন্থী আচরণ বা সহিংসতার দিকে নিয়ে গেছে।

এসব তথ্য সামনে আসার পরিপ্রেক্ষিতে, গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস অনলাইনে চরমপন্থী মতবাদ ও সহিংসতার বিরুদ্ধে লড়াই করার জন্য ফেডারেল ও স্টেট পর্যায়ে

আইনি পুনর্গঠনের আহবান জানিয়েছেন, যার মধ্যে রয়েছে স্টেট আইনে কোনো হত্যার ঘটনার অপরাধীর দ্বারা গ্রাফিক ছবি বা ভিডিও ধারণকে অপরাধ সাব্যস্ত করা এবং সেই একই ছবি বা ভিডিও পুনরায় শেয়ার করা বা পুনরায় পোস্ট করা ব্যক্তিদের শাস্তির আওতায় নিয়ে আসা অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস অনলাইন প্ল্যাটফর্মগুলোর জবাবদিহিতা বৃদ্ধি করা এবং কোম্পানিগুলোর জন্য তাদের প্ল্যাটফর্মগুলোতে সহিংস অপরাধের সাথে সংশ্লিষ্ট বেআইনি কন্টেন্ট উপস্থিত হওয়া প্রতিরোধ করার জন্য যুক্তিসঙ্গত পদক্ষেপসমূহ গ্রহণ করাকে আবশ্যক করার জন্য ফেডারেল যোগাযোগের শালীনতা আইনের (Communications Decency Act) ধারা 230-এ পরিবর্তন আনার সুপারিশ করেছেন।

"অনেক দীর্ঘ সময় ধরে, অনলাইন প্ল্যাটফর্মগুলোতে দুর্বার গতিতে ঘৃণা ও বিভেদ ছড়িয়ে পড়ছে — এবং আমার নিজ শহর বাফেলোতে আমরা যেমনটা দেখেছি, এটি বিধ্বংসী পরিণতি বয়ে আনছে," **বলেছেন গভর্নর হোকল।** "এবছর ঘটে যাওয়া মর্মান্তিক শ্বেতাঙ্গ আধিপত্যবাদী গোলাগুলির ঘটনার পরিপ্রেক্ষিতে, আমি অ্যাটর্নি জেনারেলের দপ্তরকে এই গণহত্যার ঘটনার পেছনে অনলাইন প্ল্যাটফর্মগুলোর ভূমিকা সম্পর্কে অধ্যয়ন করার নির্দেশনা দিয়ে একটি রেফারাল জারি করেছিলাম। এই প্রতিবেদনে এই ঘটনার জন্য দায়ী বিষয়গুলোর একটি অন্তরে কাঁপুনি ধরিয়ে দেওয়ার মতো বিবরণ উঠে এসেছে, এবং গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে অধিকতর জবাবদিহিতার দিকে এগিয়ে যাওয়ার একটি রোডম্যাপ তুলে ধরা হয়েছে।"

"বাফেলোর এই মর্মান্তিক গোলাগুলির ঘটনা অনিয়ন্ত্রিত অনলাইন প্ল্যাটফর্মগুলোর সত্যিকারের বিপদকে স্পষ্ট করে তুলেছে যেগুলো শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের সূতিকাগারে পরিণত হয়েছে," **বলেছেন অ্যাটর্নি জেনারেল জেমস।** "আজ আমি এই প্রতিবেদনে উঠে আসা অনুসন্ধানের ফলাফলগুলো শেয়ার করার জন্য ভুক্তভোগীদের পরিবারগুলোর সঙ্গে সাক্ষাত করেছি। এই প্রতিবেদন আবারো প্রমাণ করেছে যে অনলাইনে উগ্রপন্থী ও চরমপন্থী মতবাদ বিস্তার লাভ করা আমাদের কমিউনিটিগুলোর জন্য, বিশেষ করে অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর জন্য একটি গুরুতর হুমকি। আমরা ক্রাইস্টচার্চ, শার্লটসভিল, এল পাসো, এবং বাফেলোতে এটি ঘটতে দেখেছি, এবং আমরা আমাদের পদক্ষেপ গ্রহণ করার আগে আরেকটি মর্মান্তিক ঘটনা দেখতে চাই না। অনলাইন প্ল্যাটফর্মগুলোকে তাদের প্ল্যাটফর্মে ঘৃণা থেকে অনুপ্রাণিত ও বিপজ্জনক কন্টেন্ট ছড়িয়ে পড়ার সুযোগ দেওয়ার জন্য জবাবদিহিতার সম্মুখীন হতে হবে। অনলাইনে চরমপন্থী কন্টেন্ট ব্যাপকভাবে ছড়িয়ে পড়ছে, এবং আমাদের সবাইকে অবশ্যই এই সংকট মোকাবেলায় এবং আমাদের সন্তানদের ও কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য একসঙ্গে কাজ করতে হবে।"

OAG-এর এই প্রতিবেদনে গুলিবর্ষণকারী ব্যক্তির ব্যবহৃত কয়েকটি অনলাইন প্ল্যাটফর্ম পরীক্ষা করে দেখা হয়েছে, যেমন 4chan, 8kun, রেডিট (Reddit), ডিসকর্ড (Discord), টুইচ, ও ইউটিউব, এবং অন্যান্য অনলাইন প্ল্যাটফর্ম যেখানে OAG গোলাগুলির ঘটনার গ্রাফিক কন্টেন্ট অথবা গুলিবর্ষণকারী ব্যক্তির ম্যানিফেস্টো পেয়েছে, যার মধ্যে রয়েছে ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram), টুইটার (Twitter), টিকটক (TikTok), এবং রাম্বল (Rumble)। OAG এসব কোম্পানির কাছে সপিনা পাঠিয়েছে এবং কয়েক হাজার পৃষ্ঠার নথিপত্র পর্যালোচনা করেছে। তদন্তকারীরা কিভাবে প্ল্যাটফর্মগুলো বর্ণবাদী ও অ্যান্টিসেমেটিক মিম ও মেসেজ বিতরণ ও প্রচার করা এবং বর্ণবাদ থেকে অনুপ্রাণিত পূর্বের কোনো সহিংসতার ঘটনার গ্রাফিক মিডিয়া

শেয়ার করার জন্য ব্যবহৃত হয়েছে তার খোঁজ করেছে, যেগুলোর উভয়টি গুলিবর্ষণকারী ব্যক্তির উগ্রপন্থী হয়ে উঠার ক্ষেত্রে ভূমিকা রেখেছে। এছাড়াও কিভাবে আরো বেশি সহিংসতার ঘটনাকে অনুপ্রাণিত করার উদ্দেশ্যে গোলাগুলির ঘটনা সরাসরি সম্প্রচার করার জন্য আরো কয়েকটি মূলধারার প্ল্যাটফর্ম ব্যবহার করা হয়েছে, এবং কিভাবে গোলাগুলির ঘটনার গ্রাফিক ভিডিও অনলাইনে ছড়িয়ে পড়েছে তার বিস্তারিত তথ্য এই প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

মোটকথা, এই প্রতিবেদন নিশ্চিত করছে যে কয়েকটি অনলাইন প্ল্যাটফর্ম এই বর্ণবাদ থেকে অনুপ্রাণিত হামলার ঘটনায় অনস্বীকার্য ভূমিকা পালন করেছে, প্রথমত গুলিবর্ষণকারী ব্যক্তির বর্ণবাদী ও সহিংস কন্টেন্ট উপভোগ করার মধ্য দিয়ে তাকে উগ্রপন্থী করে তোলা, তাকে হামলার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার মাধ্যমে, এবং সবশেষে তাকে সেই হামলার ঘটনা সম্প্রচার করার সুযোগ করে দেওয়ার মাধ্যমে। এই প্রতিবেদন থেকে কয়েকটি লক্ষ্যণীয় বিষয় উঠে এসেছে:

- **প্রান্তিক প্ল্যাটফর্মগুলো উগ্রপন্থী মতবাদ বিস্তারে সহায়ক ভূমিকা পালন করছে**: বাফেলোর ঘটনায় গুলিবর্ষণকারী ব্যক্তির নিজের সাক্ষ্য থেকে জানা যায় যে তিনি মূলধারার ইন্টারনেটের বাইরে কার্যক্রম পরিচালনা করা বেনামী, ভার্চুয়ালভাবে অনিয়ন্ত্রিত ওয়েবসাইট ও প্ল্যাটফর্মগুলোতে বিদ্বেষপূর্ণ বর্ণবাদী ও অ্যান্টিসেমেটিক কন্টেন্ট উপভোগ করার মধ্য দিয়ে উগ্রপন্থীতে পরিণত হয়েছেন, যেসব প্ল্যাটফর্মের মধ্যে 4chan সবচেয়ে উল্লেখযোগ্য। বাফেলোর গোলাগুলির ঘটনার পরিপ্রেক্ষিতে, গুলিবর্ষণকারী ব্যক্তির লাইভস্ট্রিমের একজন দর্শকের রেকর্ড করা গোলাগুলির ঘটনার গ্রাফিক ভিডিও প্রান্তিক সাইটগুলোতে ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছিল। 4chan এবং এধরনের প্ল্যাটফর্মগুলো যে বেনামী অবস্থায় থাকার সুযোগ প্রদান করে, এবং কোনো অর্থপূর্ণ উপায়ে কন্টেন্টগুলো তদারকি করার ব্যাপারে তাদের অস্বীকৃতি জানানো, এসব প্ল্যাটফর্মের বর্ণবাদী হেইট স্পিচ ও উগ্রপন্থী মতবাদের সূতিকাগার হয়ে উঠা অব্যাহত থাকা নিশ্চিত করছে।
- **লাইভস্ট্রিমিং গণহারে গুলিবর্ষণকারী ব্যক্তিদের জন্য একটি হাতিয়ারে পরিণত হয়েছে**: লাইভস্ট্রিমিং গণহারে গুলিবর্ষণকারী ব্যক্তিদের জন্য তাদের অপরাধের ঘটনা জনসম্মুখে প্রচার করার, গুলিবর্ষণকারী ব্যক্তির টার্গেটিকৃত কমিউনিটিকে আরো বেশি ভীতসন্ত্রস্ত করে তোলার একটি হাতিয়ারে পরিণত হয়েছে এবং আরো বেশি সহিংস ঘটনার জন্য অনুপ্রেরণা যোগানো ও উৎসাহ দেওয়ার একটি উপায় হিসেবে কাজ করছে। বাফেলোর ঘটনায় গুলিবর্ষণকারী ব্যক্তি এই ব্যাপারটি নিয়ে পুলকিত বোধ করছিল যে অন্যরা তাকে রিয়েল-টাইমে অপরাধ করতে দেখতে পাবে। যদিও সেই ব্যক্তি তার পাশবিকতা লাইভস্ট্রিম করার জন্য যে প্ল্যাটফর্মটি ব্যবহার করেছিল তারা সহিংসতার ঘটনা শুরু হওয়ার দুই মিনিটের মধ্যে লাইভস্ট্রিম বন্ধ করে দিয়েছিল, কিন্তু দুই মিনিটও অনেক বেশি কিছু।
- **মূলধারার প্ল্যাটফর্মগুলোর তদারকির নীতিমালা অসঙ্গতিপূর্ণ ও অস্বচ্ছ**: বহু বড় আকারের, প্রতিষ্ঠিত প্ল্যাটফর্ম অতীতের ঘটনাগুলোর তুলনায়, বাফেলোর গোলাগুলির ঘটনার সাথে সম্পর্কিত সমস্যাজনক কন্টেন্ট, যেমন গোলাগুলির

ঘটনার গ্রাফিক ভিডিও এবং গুলিবর্ষণকারী ব্যক্তির ম্যানিফেস্টো, শনাক্ত করা ও সরিয়ে ফেলার ক্ষেত্রে তাদের সাড়াদানের সময়ের ক্ষেত্রে উন্নতি করেছে। তবে, প্ল্যাটফর্মগুলোর সাড়াদান একই পর্যায়ের ছিল না, যেখানে একটি প্ল্যাটফর্ম এমনকি ব্যবহারকারীদের রিপোর্টের মাধ্যমে পোস্টগুলোকে ফ্ল্যাগযুক্ত করে দেওয়ার পরেও সাইটটির বাইরে থাকা গোলাগুলির ঘটনার ভিডিওর লিংকযুক্ত পোস্টগুলো শনাক্ত করতে ব্যর্থ হয়। এছাড়াও অনেক প্ল্যাটফর্ম তারা কিভাবে ঘৃণা থেকে অনুপ্রাণিত, চরমপন্থী, বা বর্ণবাদী কন্টেন্ট মডারেট করে থাকে সে বিষয়টি প্রকাশ করেনি।

- **অনলাইন প্ল্যাটফর্মগুলোতে জবাবদিহিতার অভাব বিদ্যমান রয়েছে**: অনলাইন প্ল্যাটফর্মগুলো অনেক বেশি পরিমাণে আইনি দায়মুক্তি উপভোগ করছে। যোগাযোগের শালীনতা আইনের ধারা 230 প্ল্যাটফর্মগুলোকে তাদের কন্টেন্ট মডারেশন সংক্রান্ত সিদ্ধান্তগুলোর দায়বদ্ধতা থেকে তাদেরকে ব্যাপকভাবে বিচ্ছিন্ন রেখেছে, এমনকি যখন কোনো প্ল্যাটফর্ম ব্যবহারকারীদেরকে বেআইনি কন্টেন্ট পোস্ট ও শেয়ার করার অনুমতি দিচ্ছে তখনো।

এই প্রতিবেদনে পাওয়া তথ্যের প্রতিক্রিয়াস্বরূপ, গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস অনলাইনে চরমপন্থী আচরণ মোকাবেলা করা এবং অনলাইন প্ল্যাটফর্মগুলোর জবাবদিহিতা বৃদ্ধি করার জন্য বেশ কিছু পুনর্গঠন নিয়ে আসার জন্য সুপারিশ করেছেন। এসব সুপারিশের মধ্যে রয়েছে:

- **হত্যার ঘটনার ভিডিও ধারণ ও বিতরণের ক্ষেত্রে দায়বদ্ধতা তৈরি করা**: নিউ ইয়র্ক এবং অন্যান্য স্টেটের উচিত কোনো অপরাধীর দ্বারা হত্যার ঘটনার চিত্র তুলে ধরা ছবি বা ভিডিও ধারণ করাকে অপরাধ হিসেবে সাব্যস্ত করার জন্য আইন পাশ করা। নিউ ইয়র্কের উচিত কোনো অপরাধীর ধারণ করা তার নিজের হত্যার অপরাধ সংঘটনের ছবি বা ডিডিও প্রচার বা বিতরণে ভূমিকা রাখা যেকোনো ব্যক্তির জন্য দেওয়ানী দায়বদ্ধতা আরোপ করার উপায় অন্বেষণ করা। সেকশন 230-এর যথাযথ পরিমার্জনের সঙ্গে সঙ্গতি রক্ষা করে এই দায়বদ্ধতা অনলাইন প্ল্যাটফর্মগুলো, যেমন সোশাল মিডিয়া ও লাইভস্ট্রিমিং প্ল্যাটফর্মগুলোর জন্য প্রযোজ্য হবে, যেগুলো এধরনের কন্টেন্ট উপস্থিত হওয়ার ব্যাপারে কোনো যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করছে না।
- **লাইভস্ট্রিমিং এর ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করা:** পূর্বের ঘৃণা থেকে অনুপ্রাণিত হামলার ঘটনাগুলোর মতোই, বাফেলোর ঘটনায় গুলিবর্ষণকারী ব্যক্তির দ্বারা লাইভস্ট্রিমিং একটি হাতিয়ার হিসেবে ব্যবহৃত হয়েছিল, যা ব্যবহার করে সেই ব্যক্তি এক ধরনের খ্যাতি অর্জন করতে এবং অন্যদের উগ্রপন্থী করে তোলার জন্য নিজের সহিংস কর্মকাণ্ড তাৎক্ষণিকভাবে ধারণ ও সম্প্রচার করেছিল। প্ল্যাটফর্মগুলোতে লাইভস্ট্রিমিং-কে বিধিনিষেধের আওতায় নিয়ে আসা উচিত—যেমন যাচাইকরণের আবশ্যিকতা এবং টেপ করার ক্ষেত্রে বিলম্ব—যাতে সহিংসতার ঘটনা ব্যাপকভাবে প্রচারিত হওয়ার আগেই ঘটনার জন্য দায়ী ব্যক্তিকে শনাক্ত করা যায়।

- **ধারা 230-এর পুনর্গঠন**: বর্তমানে, ফেডারেল যোগাযোগের শালীনতা আইনের ধারা 230 অনলাইন প্ল্যাটফর্মগুলোকে, সেসব প্ল্যাটফর্মের মডারেশন রীতি নির্বিশেষে, তাদের হোস্ট করা তৃতীয়-পক্ষের কন্টেন্টের জন্য তাদেরকে দায়বদ্ধতা থেকে মুক্ত রেখেছে। অনলাইন প্ল্যাটফর্মগুলোর কন্টেন্ট মডারেশন রীতির ব্যাপারে ধারা 230 এর একটি সম্পূর্ণ প্রতিরক্ষা হিসেবে ব্যবহারের জন্য লভ্য থাকার বিষয়টি নিয়ে কংগ্রেসের পুনরায় ভাবা উচিত। এর পরিবর্তে, আইনটি এমনভাবে পুনর্গঠন করা উচিত যাতে ধারা 230-এর আওতাধীন সুরক্ষা পেতে ইচ্ছুক অনলাইন প্ল্যাটফর্মের জন্য সেই প্ল্যাটফর্মে সহিংস অপরাধের সাথে সম্পর্কিত বেআইনি কন্টেন্ট উপস্থিত হওয়া প্রতিরোধ করতে যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক হয়। এই প্রস্তাব ডিফল্ট অবস্থার পরিবর্তন ঘটাবে। ধারা 230-এর আওতায় সর্বাবস্থায় সুরক্ষিত থাকার পরিবর্তে, কোনো অনলাইন প্ল্যাটফর্মকে তখন এটির নীতিমালা ও রীতিগুলো যে বেআইনি কন্টেন্ট মোকাবেলা করার জন্য যুক্তিসঙ্গতভাবে তৈরি করা হয়েছে সে বিষয়টি প্রতিষ্ঠিত করার প্রাথমিক বোঝা বহন করতে হবে।
- **স্বচ্ছতা বৃদ্ধি করা এবং মডারেশন জোরদার করা**: অনলাইন প্ল্যাটফর্মগুলোর উচিত সেগুলোর কন্টেন্ট মডারেশন নীতিমালার ব্যাপারে এবং কিভাবে এসব নীতিমালা বাস্তবিক ক্ষেত্রে প্রয়োগ করা হয় সে ব্যাপারে আরো বেশি স্বচ্ছতা প্রদান করা, যেগুলোর মধ্যে ঘৃণা থেকে অনুপ্রাণিত, চরমপন্থী, ও বর্ণবাদী কন্টেন্ট মোকাবেলা করার নীতিমালাগুলো অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও তাদের উচিত এধরনের কন্টেন্টের ব্যাপকতা কমিয়ে আনার জন্য শিল্পখাতব্যাপী ব্যবহৃত প্রক্রিয়া ও কর্মপদ্ধতিসমূহ উন্নত করার জন্য বিনিয়োগ করা, যেমন তাদের নীতিমালা লঙ্ঘনের জন্য বিশ্লেষণ করা যাবে এমন কন্টেন্টের ধরনসমূহ সম্প্রসারণ করা, শনাক্তকরণের প্রযুক্তি উন্নত করা, এবং তথ্য শেয়ার করার জন্য আরো বেশি কার্যকর উপায় প্রদান করা।
- **শিল্পখাতের পরিষেবা প্রদানকারীদের প্রতি আরো বেশি অবদান রাখার জন্য আহবান জানানো**: অনলাইন পরিষেবা প্রদানকারী, যেমন ডোমেইন রেজিস্ট্রার এবং হোস্টিং কোম্পানিগুলো প্রান্তিক সাইটগুলো ও ব্যবহারকারীদের মাঝখানে দাঁড়িয়ে আছে। এসব কোম্পানির উচিত বার বার সহিংস, ঘৃণা থেকে অনুপ্রাণিত কন্টেন্ট ট্রাফিক করছে এমন ওয়েবসাইটগুলোকে ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করা, এবং শ্বেতাঙ্গ আধিপত্যবাদ থেকে অনুপ্রাণিত সহিংসতার চক্র সচল রাখার জন্য কর্মরত সাইটগুলোকে সার্ভিস দিতে অস্বীকৃতি জানানো।

2022 সালের মে মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্কের নির্বাহী আইনের ধারা 63(8)-এর অধীনে OAG-কে বাফেলোর গোলাগুলির ঘটনায় অনলাইন প্ল্যাটফর্মগুলোর ভূমিকা তদন্ত করে দেখার জন্য একটি রেফারাল প্রদান করেন।

রিসার্চ এন্ড অ্যানালিটিক্স ডিভিশন (Research and Analytics Division) এবং ক্রিমিনাল জাস্টিস ডিভিশন (Criminal Justice Division)-এর বিশেষ সহায়তায় ব্যুরো অব ইন্টারনেট এন্ড টেকনোলজি (Bureau of Internet and Technology) এবং ব্যুরো অব সিভিল রাইটস (Bureau of

Civil Rights)-এর হেইট ক্রাইম ইউনিট এই তদন্ত পরিচালনা এবং তদন্ত প্রতিবেদন তৈরির জন্য কাজ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418